



জবি ছাত্রলীগের দু'গ্রন্থপে সংঘর্ষ, আহত ১০

প্রকাশিত: ১১ - জানুয়ারী, ২০১৯ ১২:০০ এ. এম.

- ফেসবুকে ছবি পোষ্টের জের

জবি সংবাদদাতা ॥ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ছাত্রলীগের দু'গ্রন্থপের মধ্যে ফেসবুকে ছবি পোষ্ট দেয়ার জেরে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এই সংঘর্ষ বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত ধাওয়া পাল্টা ধাওয়ার মধ্য দিয়ে চলে। এসময় ক্যাম্পাসে থমথমে পরিস্থিতি বিরাজ করে ও শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরে দুপুর ১টার দিকে বিশ্ববিদ্যালয় প্রশাসনের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এ ঘটনায় ১০ ছাত্রলীগ কর্মী আহত হয়েছে বলে জানা গেছে। আহতদের ঢাকা মেডিক্যাল কলেজ ও সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে।

জানা যায়, বুধবার রাতে জবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেলের গ্রন্থপের কর্মীরা সভাপতি তরিকুল ইসলামের ছবি ক্রপ করে ফেসবুকে পোষ্ট দেয়। এরপর সভাপতি গ্রন্থপের কর্মীরাও এর বিপক্ষে ফেসবুকে পোষ্ট ও কমেন্টে বিতর্কে জড়িয়ে পড়ে। এ ঘটনার জের ধরে বৃহস্পতিবার সকাল সাড়ে আটটার দিকে সভাপতি গ্রন্থপের কর্মীরা জতির জনক শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে রাজধানীর ধানমি- ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে ক্যাম্পাসের ভাস্কর্য চতুরে আসলে সাধারণ সম্পাদকের কর্মীরা তাদের ওপর অতর্কিত হামলা চালায়। এসময় সাধারণ সম্পাদক গ্রন্থপের কর্মী উত্তিদিবিজ্ঞান বিভাগের ১৩তম ব্যাচের সালমান এফ রহমান, অভি, গণিত বিভাগের ১৩তম ব্যাচের শিক্ষার্থী শান্ত, পরিসংখ্যান বিভাগের অর্পণ সান, পদার্থবিজ্ঞান বিভাগের ১৩তম ব্যাচের শিক্ষার্থী তানভীরসহ আরও কয়েকজন একসঙ্গে সভাপতি গ্রন্থপের কর্মী সিএসই বিভাগের ১৩তম ব্যাচের শিক্ষার্থী শাহরিয়ার শাকিল ও রানি, জিয়াদের উপর অতর্কিত হামলা চালায়। এরপর সভাপতি গ্রন্থপের কর্মীরা ক্যাম্পাসে জড়ে হতে থাকলে ক্যাম্পাস উত্তপ্ত পরিস্থিতি বিরাজ করে।

এ বিষয়ে শাখা ছাত্রলীগের সভাপতি তরিকুল ইসলাম বলেন, ফেসবুকে ছবি পোষ্ট দেয়াকে কেন্দ্র করে ঘটেছে এমন কিছু না।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং বাস্ক্রিপ্ট, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহান্সিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: